

টোকিও, ২৪ জানুয়ারি ২০২৪;

জাপানের পররাষ্ট্র প্রতিমন্ত্রী সুগে ইয়ুশিফুমি আজ টোকিওস্থ বাংলাদেশ দূতাবাসে রাষ্ট্রদূত শাহাবুদ্দিন আহমদের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।

প্রতিমন্ত্রী ইয়ুশিফুমি দুপুরে বাংলাদেশ দূতাবাসে পৌঁছলে রাষ্ট্রদূত শাহাবুদ্দিন আহমদ ও তার সহধর্মিণী শাহিনা আখতারসহ দূতাবাসের কর্মকর্তারা তাকে অভ্যর্থনা জানান।

সাক্ষাৎকালে জাপানের পররাষ্ট্র প্রতিমন্ত্রী জাপানে সম্প্রতি ভূমিকম্পে ব্যাপক ক্ষয়ক্ষতিতে শোক প্রকাশ এবং জাপানের সরকার ও জনগণের প্রতি সংহতি জানানোয় বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার সরকারের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

রাষ্ট্রদূত শাহাবুদ্দিন আহমদ সম্প্রতি জাপানের মন্ত্রিসভার রদবদলের সময় পররাষ্ট্র প্রতিমন্ত্রী হিসেবে নিযুক্ত হওয়ায় সুগে ইয়ুশিফুমিকে অভিনন্দন জানান। রাষ্ট্রদূত দুই দেশের সম্পর্ক উন্নয়নে বিভিন্ন সময়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার জাপান সফরের কথা উল্লেখ করে বলেন গত বছর এপ্রিল মাসে প্রধানমন্ত্রীর জাপান সফরের মাধ্যমে বাংলাদেশ-জাপান সম্পর্ক কৌশলগত অংশীদারিত্বে উন্নীত হয়েছে। তিনি কৌশলগত অংশীদারিত্ব বিষয়ে দুই দেশের প্রধানমন্ত্রী স্বাক্ষরিত যৌথ ঘোষণা বাস্তবায়নে প্রতিমন্ত্রী ইয়ুশিফুমির সহযোগিতা কামনা করেন।

রাষ্ট্রদূত জানান, জাপানে সম্প্রতি ভূমিকম্পে ব্যাপক ক্ষয়ক্ষতিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গভীর শোক প্রকাশ করেছেন এবং এ সংকট মোকাবিলায় বাংলাদেশ সম্ভব সব ধরনের সহযোগিতা করতে প্রস্তুত আছে।

রাষ্ট্রদূত শাহাবুদ্দিন আহমদ রোহিঙ্গা সমস্যার সমাধানে জাপানের অব্যাহত সহযোগিতার জন্য ধন্যবাদ জানান। তিনি এ সমস্যার সমাধানে এবং বাংলাদেশে আশ্রয়গ্রহণকারী রোহিঙ্গাদের মিয়ানমারে দ্রুত, সম্মানজনক ও নিরাপদ প্রত্যাবাসনে জাপানকে আরও উদ্যোগী ভূমিকা পালনের জন্য অনুরোধ করেন।

রাষ্ট্রদূত সম্প্রতি বাংলাদেশের সংসদ নির্বাচনের পরে গঠিত নতুন সরকারের কার্যকালে জাপানের সাথে দ্বিপাক্ষিক সম্পর্ক আরও সুদৃঢ় করতে এবং বাংলাদেশের উন্নয়ন-অগ্রগতি অব্যাহত রাখতে একযোগে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন।

সাক্ষাৎকালে জাপানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি ও বাংলাদেশ দূতাবাসের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

Tokyo, 24 January 2024;

State Minister for Foreign Affairs of Japan Tsuge Yoshifumi paid a courtesy call on Ambassador Shahabuddin Ahmed at the Bangladesh Embassy in Tokyo today.

Ambassador Shahabuddin Ahmed and his wife Shahina Akthar and the embassy officials welcomed State Minister Yoshifumi at the Bangladesh Embassy in the afternoon.

During the meeting, State Minister Tsuge Yoshifumi expressed his gratitude to Bangladesh Prime Minister Sheikh Hasina and her government for expressing condolences and solidarity with the Japanese government and people over the recent earthquake in Japan.

Ambassador Shahabuddin Ahmad congratulated Tsuge Yoshifumi on his recent appointment as State Minister for Foreign Affairs during Japan's cabinet reshuffle.

The ambassador mentioned Prime Minister Sheikh Hasina's visit to Japan on different occasions to improve the relationship between the two countries and said that Bangladesh-Japan relations have been upgraded to strategic partnership through the Prime Minister's visit to Japan in April last year. He sought the cooperation of State Minister Yoshifumi in implementing the joint declaration on strategic partnership signed by the Prime Ministers of the two countries.

The ambassador said that Prime Minister Sheikh Hasina has expressed deep grief over the recent earthquake in Japan and Bangladesh is ready to offer all possible cooperation to deal with this crisis.

Ambassador Shahabuddin Ahmad thanked Japan for its continued cooperation in resolving the Rohingya issue. He requested Japan to play a more proactive role in solving this problem and in the speedy, dignified, and safe repatriation of the Rohingyas from Bangladesh to Myanmar.

The ambassador expressed his determination to work together to strengthen bilateral relations with Japan and continue the development and progress of Bangladesh during the tenure of the new government formed after the recent parliamentary elections in Bangladesh.

Representatives of the Ministry of Foreign Affairs of Japan and officials of the Bangladesh Embassy were present during the meeting.